

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৯০

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

বাংলা

১৫৯০-[৬৮] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ রোগী দেখতে অল্প সময় নেবে।[1]

ফুটনোট

[1] য'ঈফ: শু'আবুল ঈমান ৮৭৮৬, সিলসিলাহ্ আয্ য'ঈফাহ্ ৩৯৫৪, য'ঈফ আল জামি' আস্ সগীর ৩৮৯৯। শায়খ আলবানী (রহঃ) বলেন, এর সানাদে ইসমা'ঈল বিন আল ক্লাসিম একজন দুর্বল রাবী এবং আবূ 'আলী আল আনাযীও একজন দুর্বল রাবী যেমনটি হাফিয হাজার 'তাকরীবে' বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَوَاقَ نَاقَة) দ্বারা উদ্দেশ্য দুধ দোহনের মাঝখানে বিরতির সময়, কেননা দুধ দোহন করা হয়। অতঃপর স্বল্প সময়ের জন্য বিরত রাখা হয় বাছুর দুধপান করে যাতে স্তনের বোটা পিচ্ছিল হয়, অতঃপর আবার দুধ দহন করা হয় (এ সময় টুকুকে فَوَاقَ نَاقَة বলে)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন